



## জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ই-মেইলঃ [info@nhrc.org.com](mailto:info@nhrc.org.com)

স্মারক নং: এনএইচআরসিবি/প্রেস:বিজ্ঞঃ/-২৩৯/১২-১১৩

তারিখ: ০৯ জুলাই ২০২১

### প্রেস বিজ্ঞপ্তি-

### নারায়ণগঞ্জে কারখানায় আগুনে হতাহতের ঘটনায় গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছে জাতীয় মানবাধিকার কমিশন।

নারায়ণগঞ্জে কারখানায় আগুনে হতাহতের ঘটনায় গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছে জাতীয় মানবাধিকার কমিশন। পাশাপাশি, এ মর্মান্তিক ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করছে কমিশন। কমিশনের চেয়ারম্যান নাছিমা বেগম, এনডিসি এক শোকবার্তায় নিহতদের বিদেহী আত্মার মাগফেরাত এবং আহতদের দ্রুত আরোগ্য কামনা করেন। একইসাথে শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতিও গভীর সমবেদনা জানান।

গণমাধ্যম সূত্রে জানা যায়, নারায়ণগঞ্জের রূপগঞ্জে হাশেম ফুডস অ্যান্ড বেভারেজের সেজান জুসের কারখানায় গতকাল বিকেলে আগুন লাগে যা নিয়ন্ত্রনে আসে ২৪ ঘণ্টা পর। অগ্নিকান্ডে এখন পর্যন্ত ৫২ জনের লাশ উদ্ধার করা হয়। মৃত শ্রমিকদের স্বজনদের বরাত দিয়ে গণমাধ্যমে প্রকাশিত হয় যে, চতুর্থ তলায় অবস্থিত কারখানার ম্যানেজার সবসময় কারখানার ভেতরে শ্রমিকদের রেখে দরজায় তালা দিয়ে রাখে। এছাড়া, ভবনের পঞ্চম তলায় প্রচুর ক্যামিকেলের উপস্থিতি, অগ্নি নির্বাপণ এবং জরুরি নির্গমনের ব্যবস্থা না থাকায় বিপুল সংখ্যক শ্রমিক নিহত হয়েছেন।

কমিশন মনে করে একের পর এক অগ্নিকান্ডে নিহতের ঘটনা কোন ভাবেই গ্রহণযোগ্য নয়। প্রকাশিত সংবাদ আলোকে মালিকপক্ষের অবহেলায় আটকেপড়া অসহায় শ্রমিকদের মৃত্যুর দায় কারখানার মালিকপক্ষ কোনোভাবেই এড়াতে পারেনা। এটি মানবাধিকারের চরম লঙ্ঘন।

সুষ্ঠু তদন্তের মাধ্যমে এভয়ানক অগ্নিকান্ডের সঠিক কারণ উদঘাটন করে জড়িতদের কঠোর শাস্তির আওতায় আনা প্রয়োজন। কারখানায় নিহতদের প্রত্যেক পরিবারকে মালিকপক্ষ হতে উপযুক্ত অর্থসহায়তা প্রদান সুনিশ্চিত করতে সরকারের সংশ্লিষ্ট দপ্তরকে আহ্বান জানায় জাতীয় মানবাধিকার কমিশন। এ প্রেক্ষিতে দায়িত্বশীলদের গাফিলতি আছে কিনা তাও খতিয়ে দেখা প্রয়োজন মর্মে মনে করে কমিশন। এঘটনার যথাযথ তদন্তক্রমে জড়িতদের দ্রুত দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানায় কমিশন।

ধন্যবাদান্তে,

স্বাক্ষরিত/-

ফারহানা সাঈদ

জনসংযোগ কর্মকর্তা, জাতীয় মানবাধিকার কমিশন

মোবাইলঃ ০১৭৯০৫৩৬৯৩৬